অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আগ্নেয়াস্ত্রের মালিকদের মনে করিয়ে দিয়ে বলেছেন: আগ্নেয়াস্ত্র সংক্রান্ত নীতিমালা এবং অনুমতি প্রদানের প্রক্রিয়ায় তাৎক্ষণিক কোনো পরিবর্তন আসছে না

NYSRPA বনাম ব্রুয়েন মামলায় সুপ্রিম কোর্টের রায় বর্তমান রেসিডেন্সিয়াল পারমিটের মালিকদের ঘরের বাইরে আগ্নেয়াস্ত্র বহন করার স্বয়ংক্রিয় সুযোগ প্রদান করবে না

সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের আইনি গণ্ডির মধ্যে থেকে কঠোরভাবে আগ্নেয়াস্ত্রের অ্যাক্সেস নিয়ন্ত্রণ করতে নতুন আইন প্রণয়নের জন্য গভর্নর আইনসভার বিশেষ অধিবেশন আহবান করার পরিকল্পনা করেছেন

NYSRPA বনাম ব্রুয়েন মামলার সিদ্ধান্ত সম্পর্কে বহুল জিজ্ঞাসিত প্রশ্নগুলোর জন্য এখানে ক্লিক করুন

গভর্নর ক্যাথি হোকল আজ আগ্নেয়াস্ত্রের মালিকদের স্মরণ করিয়ে দেওয়ার জন্য বক্তব্য দিয়েছেন যে নিউ ইয়র্কের গোপনে আগ্নেয়াস্ত্র বহন আইন বাতিল করার ব্যাপারে বৃহস্পতিবারে ঘোষিত সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের অর্থ এই নয় যে নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সপ্রাপ্তির প্রক্রিয়া ও বিধিমালা অনুসরণ করার প্রয়োজন নেই। এটি স্বয়ংক্রিয়ভাবে বর্তমান রেসিডেন্সিয়াল পারমিটের মালিকদের ঘরের বাইরে আগ্নেয়াস্ত্র বহন করার সুযোগ প্রদান করবে না। আগ্নেয়াস্ত্রের মালিকদের জন্য বর্তমান বিধিনিষেধ অনুসরণ করা আইন অনুযায়ী আবশ্যক।

প্রশাসন যখন নিবিড়ভাবে এই রায় পর্যালোচনা করছে এই সময়ে গভর্নর হোকল যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের সঙ্গে সঙ্গতি রক্ষা করার পাশাপাশি আগ্নেয়াস্ত্রের অ্যাক্সেস সতর্কতার সঙ্গে নিয়ন্ত্রণ করাও নিশ্চিত করবে এমন নতুন আইন প্রণয়নের জন্য আইনসভার একটি বিশেষ অধিবেশন আহবান করার পরিকল্পনা করছেন। এছাড়াও গভর্নর -- বৃহস্পতিবার বিকালে নিউ ইয়র্কের ছয়টি বৃহত্তম সিটির মেয়রদের সঙ্গে বৈঠকের আয়োজন করে -- আদালতের এই সিদ্ধান্তের প্রভাব এবং বিবেচ্য বিকল্প নীতিমালা নিয়ে আলোচনার জন্য স্থানীয় সরকারগুলোর সাথেও নিবিড়ভাবে কাজ করছেন।

"যদিও নিউ ইয়র্ক স্টেটের গোপনে আগ্নেয়াস্ত্র বহন আইন বাতিল করার ব্যাপারে সুপ্রিম কোর্টের ভয়াবহ সিদ্ধান্তের সম্ভাব্য ব্যাপক ও সুদূরপ্রসারী প্রভাব রয়েছে, এটি স্টেটের আগ্নেয়াস্ত্রের

লাইসেন্স ও পারমিট সংক্রান্ত আইনগুলোর তাৎক্ষণিক কোনো পরিবর্তন করছে না, অথবা রেসিডেন্সিয়াল পারমিটের মালিকদের ঘরের বাইরে তাদের আগ্নেয়াস্ত্র বহন করার অনুমতি প্রদান করছে না," **বলেছেন গভর্নর হোকল।** "নিম্ন আদালতে মামলাটি ফেরত আসার এই সময়ে, আমরা দায়িত্বশীল আগ্নেয়াস্ত্রের মালিকদের বর্তমান বিধিনিষেধ অনুসরণ করা এবং নিরাপত্তার বিষয়টি সবার আগে বিবেচনা করা অব্যাহত রাখতে উৎসাহিত করছি। যদিও আমাদের কমিউনিটির নিরাপত্তার প্রতি সুপ্রিম কোর্টের এই বেপরোয়া আচরণ দেখে আমরা হতাশ হয়েছি, আমরা লড়াই করার জন্য প্রস্তুত আছি। আমি আইনসভার একটি বিশেষ অধিবেশন আহবান করার পরিকল্পনা করছি যেখানে আমরা বিস্তৃত পরিসরে আইনি বিকল্পগুলো খুঁজে দেখবো যেগুলো আমাদের এই রায়ের সঙ্গে সঙ্গতি রক্ষা করার পাশাপাশি আমাদের কমিউনিটিগুলোর নিরাপত্তাকে অগ্রাধিকার দিবে এমন একটি পুঙ্খানুপুঙ্খ ও কঠোর পারমিট প্রদান করার প্রক্রিয়া তৈরি করার সুযোগ প্রদান করবে। আমি আইনসভা, স্থানীয় ও কাউন্টি সরকারগুলোর নেতৃবৃন্দ ও আইনি বিশেষজ্ঞদের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি, এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য যেকোনো পদক্ষেপ গ্রহণ করতে আমি পিছপা হবো না।"

"গতকাল, কারা গোপনে আগ্নেয়াস্ত্র বহন করতে পারবেন সে বিষয়টি সীমিত করে দেওয়া NY-এর একটি আইনকে বাতিল করার মধ্য দিয়ে সুপ্রিম কোর্ট পরিবারগুলোকে সুরক্ষিত রাখা এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ করার জন্য আমাদের প্রচেষ্টাকে পিছিয়ে দিয়েছে। যদিও এটি তাৎক্ষণিকভাবে প্রভাব ফেলছে না, নিউ ইয়র্ক এই রায়ের সঙ্গে সঙ্গতি রক্ষা করে কাজ করবে এমন এক সেট নতুন আইন প্রণয়ন করতে পদক্ষেপ গ্রহণের জন্য অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো**। "যদি আমাদের শিশুদের নিরাপদ রাখার জন্য সুপ্রিম কোর্ট ও ফেডারেল সরকার কোনো পদক্ষেপ গ্রহণ না করে, তাহলে নিউ ইয়র্ক সেটা করবে।"

***NYSRPA বনাম ব্রুয়েন* মামলার সারসংক্ষেপ**

এই সিদ্ধান্তের তাৎক্ষণিক ও দীর্ঘমেয়াদী প্রভাব সম্পর্কে স্পষ্ট ধারণা দেওয়ার জন্য, গভর্নর হোকল *NYSRPA বনাম ব্রুয়েন* মামলা, এটির বর্তমান অবস্থা, বর্তমানের আগ্নেয়াস্ত্রের মালিকদের এটি কিভাবে প্রভাবিত করবে ও প্রভাবিত করবে না, সম্ভাব্য দীর্ঘমেয়াদী প্রভাবসমূহ, এবং কমিউনিটিগুলোকে নিরাপদ রাখতে স্টেট যেসব পদক্ষেপ গ্রহণের কথা বিবেচনা করছে সে সম্পর্কে একটি বিস্তৃত সারসংক্ষেপও প্রদান করেছেন।

তাদের 6-3 সিদ্ধান্তে, সুপ্রিম কোর্ট কোনো ব্যক্তির গোপনে আগ্নেয়াস্ত্র বহন করার লাইসেন্স পাওয়ার জন্য "যথাযথ কারণ" প্রদর্শন বাধ্যতামূলক করে দেওয়া 100 বছর ধরে চলে আসা একটি আইনি বিধানের ইতি টেনেছে। এটি নিউ ইয়র্ক স্টেটের বিদ্যমান আইনকে অসাংবিধানিক বলে গণ্য করেছে কারণ এটি "যথাযথ কারণ" নির্ণয়ের ক্ষেত্রে স্টেটকে এবং এর কর্মকর্তাদের অনেক বেশি স্বাধীনতা দিয়ে থাকে। মামলাটি বর্তমানে নিউ ইয়র্কের 2য় সার্কিট আদালতে ফেরত এসেছে—যেটিকে অবশ্যই সুপ্রিম কোর্টের মতামতের সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি রায় জারি করতে হবে।

যদিও সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তের দীর্ঘমেয়াদী প্রভাব রয়েছে, আগ্নেয়াস্ত্রের লাইসেন্সপ্রাপ্তি বা পারমিট প্রাপ্তির ব্যাপারে এই সিদ্ধান্তের তাৎক্ষণিক কোনো প্রভাব নেই। এর অর্থ হলো লোকজন বর্তমানে আবশ্যক পারমিট বা লাইসেন্স ছাড়াই অবিলম্বে গোপনে আগ্নেয়াস্ত্র বহন করা শুরু করতে পারবেন না। এখন পর্যন্ত লাইসেন্স বা পারমিট প্রাপ্তির জন্য আবেদনের প্রক্রিয়া অপরিবর্তিত রয়েছে। "বিধিনিষেধহীনভাবে আগ্নেয়াস্ত্র বহন করার" পারমিট পাওয়ার জন্য নিজেদের পারমিটের অবস্থা পরিবর্তন করতে ইচ্ছুক ব্যক্তিদের অবশ্যই তাদের স্থানীয় লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের কাছে আবেদন দাখিল করতে হবে। আগ্নেয়াস্ত্রের মালিকদের অবশ্যই বর্তমান বিধিনিষেধ অনুসরণ করতে হবে।

স্টেট ব্যাপক পরিসরে বিকল্প কিছু পদক্ষেপ বিবেচনা করছে, যার মধ্যে সংবেদনশীল স্থানগুলোতে গোপনে আগ্নেয়াস্ত্র বহনের ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ, গোপনে আগ্নেয়াস্ত্র বহনের পারমিট প্রাপ্তির প্রক্রিয়া পরিবর্তন, পারমিটের জন্য আবেদনকারীদের জন্য সুনির্দিষ্ট প্রশিক্ষণের ব্যবস্থা করা, এবং বেসরকারি ব্যবসাগুলোকে গোপনে আগ্নেয়াস্ত্র বহনের অনুমতি পাওয়ার জন্য একটি অব্যাহতির অনুমতির জন্য আবেদন করা আবশ্যক হবে এমন একটি সিস্টেম তৈরি করা, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। সুপ্রিম কোর্ট স্বীকার করে যে এই রায় আত্মরক্ষার স্বার্থে হ্যান্ডগান বহন করার ব্যাপারে লাইসেন্স সংক্রান্ত আবশ্যিকতা আরোপ করা থেকে স্টেটকে বিরত রাখবে না—যতক্ষণ পর্যন্ত সেই আবশ্যিকতা এই সিদ্ধান্তের গণ্ডির মধ্যে থাকছে। এই প্রশাসন সেই ফ্রেমওয়ার্কটির সঙ্গে সঙ্গতি রক্ষা করবে এমন কঠোর ও পুঙ্খানুপুঙ্খ লাইসেন্সপ্রাপ্তির শর্তাবলী প্রণয়ন করতে আইনপ্রণেতাদের এবং স্থানীয় ও কাউন্টি সরকারগুলোর সঙ্গে কাজ করবে।

NYSRPA বনাম ব্রুয়েন মামলার সিদ্ধান্ত এবং এটির প্রভাবসমূহ সম্পর্কে বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির জন্য এখানে ক্লিক করুন।

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "সুপ্রিম কোর্ট দাবি করছে তারা আমাদের দেশের অতীত ইতিহাস বিবেচনায় নিয়ে এই মতামত দিয়েছে, কিন্তু এটি বর্তমানের বাস্তবতাকে উপেক্ষা করে এবং আমাদের ভবিষ্যতকে বিপদগ্রস্ত করে। আজ কোনো কিছু পরিবর্তিত হচ্ছে না, এবং NYPD নিশ্চিত করবে যে, যদি আপনি নিউ ইয়র্ক সিটিতে অবৈধভাবে কোনো আগ্নেয়াস্ত্র বহন করেন, তাহলে আপনি গ্রেপ্তার হবেন। যদিও এই ব্যাপারে আমাদের সন্দেহ নেই যে এই সিদ্ধান্ত আমাদের প্রত্যেককে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে অপেক্ষাকৃত কম নিরাপদ করে তুলবে, আমরা এটির জন্য প্রস্তুতি গ্রহণ করে আসছি এবং আমাদের সিটিকে সুরক্ষিত রাখতে আমাদের ফেডারেল, স্টেট, ও স্থানীয় অংশীদারদের পাশাপাশি অন্যান্য স্টেটের মেয়র, মিউনিসিপ্যালিটি নেতৃবৃন্দ, ও গভর্নরদের সঙ্গে কাজ করতে সাধ্যমতো প্রচেষ্টা চালিয়ে যাবো। আমরা যে ক্ষতি ঘটতে দেখছি তা প্রশমিত করার জন্য আমরা চেষ্টার কোনো কমতি রাখবো না কারণ নিউ ইয়র্ক সিটির মতো দেশের আর কোনো স্থানকে এই সিদ্ধান্ত এত বেশি প্রভাবিত করবে না। সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্ত হয়তো আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার সমুদ্রে নতুন জোয়ার আসার বাড়তি পথ তৈরি করে দিয়েছে, কিন্তু আমরা সে নদীতে বাঁধ তৈরির জন্য একসঙ্গে কাজ করে যাবো।"

আলবানির মেয়র ক্যাথি শিহান বলেন, "কারা গোপনে আগ্নেয়াস্ত্র বহন করতে পারবে সে বিষয়টি সীমিত করে দেওয়া আমাদের স্টেটের আইনটি বাতিল করে দেওয়ার ব্যাপারে সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের ফলস্বরূপ নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা নিয়ে আমি গভীরভাবে উদ্বিগ্ন। গত দুই বছরে দেশ জুড়ে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ঘটনা দ্রুত গতিতে বৃদ্ধি পেয়েছে, এবং এই সিদ্ধান্ত আমাদের পুলিশ বিভাগের জন্য বৈধ ও অবৈধ আগ্নেয়াস্ত্রের মধ্যে পার্থক্য করাকে আরো কঠিন করে তুলবে। যেখানে আমাদের স্টেটে আগ্নেয়াস্ত্রের দ্বারা মৃত্যুর হার অন্যতম সর্বনিম্ন অবস্থানে রয়েছে, এই বিষয়টি সুস্পষ্ট যে গোপনে আগ্নেয়াস্ত্র বহনের আরো বেশি সুযোগ তৈরি করা আমাদেরকে অধিকতর নিরাপদ করবে না। এই সিদ্ধান্তের প্রভাব এবং সমাধানমূলক সম্ভাব্য নীতিমালা নিয়ে আলোচনার জন্য নিউ ইয়র্কের বৃহত্তম সিটিগুলোর মেয়রদের নিয়ে বৈঠকের আয়োজন করায় আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই এবং আমাদের অধিবাসীদের নিরাপদ রাখা নিশ্চিত করতে গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের আইনসভা, এব নিউ ইয়র্ক স্টেট জুড়ে মিউনিসিপ্যালিটিগুলোর সংঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

বাফেলোর মেয়র বায়রন ব্রারুন বলেন, "সুপ্রিম কোর্টের সংখ্যাগরিষ্ঠ অংশ কয়েক মিলিয়ন মানুষের জীবন ও নিরাপত্তার কথা বিবেচনা করতে ব্যর্থ হয়েছে। বাফেলো সিটিতে, আমরা গণহারে গোলাগুলির ঘটনার ভয়ঙ্কর প্রভাব সরাসরি প্রত্যক্ষ করেছি, যেটি সম্ভব হয়েছিল আগ্নেয়াস্ত্রের সহজ অ্যাক্সেস থাকার কারণে। আমাদের অধিবাসীদের জীবন ও নিরাপত্তা রক্ষা করতে এবং যাদের হাতে আগ্নেয়াস্ত্র থাকা উচিত নয় তাদের হাত থেকে সেগুলো দূরে রাখতে আমাদের সাধ্যমতো সবকিছু করার জন্য বাফেলো সিটি গভর্নর হোকলের সঙ্গে নিবিড়ভাবে কাজ করে যাবে।"

রচেস্টারের মেয়র মালিক ইভান্স বলেন, "সুপ্রিম কোর্টের এই সাম্প্রতিক সিদ্ধান্ত যেন আমাদের অধিবাসীদের নিরাপত্তাকে বিঘ্নিত না করে সে বিষয়টি নিশ্চিত করতে রচেস্টার সিটি নিউ ইয়র্ক স্টেটে আমাদের অংশীদারদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করবে।"

সিরাকিউসের মেয়র বেন ওয়ালশ বলেন, "সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্ত আগ্নেয়াস্ত্র থেকে নিরাপত্তার জন্য একটি প্রতিবন্ধকতা এবং এই সিদ্ধান্তের জন্য এরচেয়ে খারাপ সময় আর হতে পারে না। আমাদের সড়কগুলোতে ইতোমধ্যে আমরা অনেক বেশি আগ্নেয়াস্ত্র দেখতে পাচ্ছি। সেই সংখ্যা আরো বৃদ্ধি করা কেবল আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ঝুঁকিই বৃদ্ধি করবে। সিরাকিউসে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে লোকজনের এই বিষয়টি বুঝতে হবে যে এই রায় আগ্নেয়াস্ত্রের মালিকদের জন্য বর্তমানের সব বিধিনিষেধ ও পারমিট প্রাপ্তির প্রক্রিয়া অনুসরণ করা আবশ্যক হওয়ার বিষয়টিকে পরিবর্তন করবে না। এই সিদ্ধান্তের প্রতি আমাদের স্টেটের প্রতিক্রিয়া সম্পর্কে আলোচনার জন্য বৃহস্পতিবারে আমার সঙ্গে ও অন্যান্য মেয়রদের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি এবং আগ্নেয়াস্ত্র থেকে নিরাপত্তার বিষয়ে নিউ ইয়র্ক নেতৃত্বের অবস্থানে থাকা অব্যাহত রাখবে বলে নিশ্চিত করায় তাকে সাধুবাদ জানাই।"

ইয়ংকার্স-এর মেয়র মাইকেল স্প্যানো বলেন, "এই বিষয়টি মোকাবেলার জন্য গভর্নর হোকল যত দ্রুত বড় সিটিগুলোকে একসঙ্গে নিয়ে এসেছেন আমি তার প্রশংসা করি। আগ্নেয়াস্ত্র সংক্রান্ত বিধিমালা শিথিল করার মাধ্যমে, সুপ্রিম কোর্ট এখন ভুল দিকে এগিয়ে যাচ্ছে। আমরা

কংগ্রেসকে দিয়ে AR-15 নিয়ন্ত্রণ করাতে পারছি না, কিন্তু সুপ্রিম কোর্ট আমাদের যতটুকু বিধিনিষেধ ছিল তাও উঠিয়ে নিতে চায়। এই সিদ্ধান্ত মোকাবেলায় গভর্নরের এবং অন্যান্য বড় সিটিগুলোর সঙ্গে কাজ করতে পেরে ইয়ংকার্স আনন্দিত। ইয়ংকার্সে অপরাধের হার সবসময় কম ছিল, এবং সম্প্রতি এটি রেকর্ড পরিমাণে কমে গেছে। আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা বন্ধ করা আমাদের শীর্ষ অগ্রাধিকার, এবং আগ্নেয়াস্ত্র সম্পর্কিত বিধিনিষেধকে শিথিল করে দেয় এমন যেকোনো কিছু পুলিশ বিভাগের কাজকে অনেক বেশি কঠিন করে তুলবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন